গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.ntrca.gov.bd

নং: ৩৭.০৫.০০০০.০০৯.৩৮.০০১.২০.৬৫৫

তারিখ : ১২ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ
২৬ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ

প্রাপক:

চেয়ারম্যান,
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ,
ঢাকা।

বিষয় : বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ এর সেবা প্রদান প্রতিশ্রুতির কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অনুযায়ী অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক কর্মশালা-২০২৪ এর প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে প্রেক্ষিতে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এন.টি.আর.সি.এ.) কার্যালয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক কর্মশালা-২০২৪ গত ২৩ মে, ২০২৪ তারিখ বৃহস্পতিবার সকাল ১০.০০ টা থেকে বিকেল ৪.০০ টা পর্যন্ত এনটিআরসিএ-এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।

বর্ণিত প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদ্‌সঙ্গে নির্দেশক্রমে দাখিল করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) পাতা।

দীনা পারভীন
২৬/০৫/২০২৪
(প্রফেসর দীনা পারভীন)
উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন)
এনটিআরসিএ, ঢাকা।

F:\Somonoy\Lettar\সেবা প্রদান প্রতিশ্রুতির প্রতিবেদন.doc


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
**www.ntrca.gov.bd**

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক কর্মশালা-২০২৪ এর প্রতিবেদন।

**উদ্বোধন পর্ব:**

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক আয়োজিত শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও নিয়োগ সুপারিশ কার্যক্রম বিষয়ে অংশীজনদের অবহিতকরণের উদ্দেশ্য গত ২৩ মে, ২০২৪ তারিখ এনটিআরসিএ-এর সম্মেলন কক্ষে দিনব্যাপী ০১টি সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক কর্মশালা-২০২৪ অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ সাইফুল্লাহিল আজম (অতিরিক্ত সচিব), চেয়ারম্যান, এনটিআরসিএ। সভাপতিত্ব করেন জনাব মুহম্মদ নূরে আলম সিদ্দিকী (যুগ্মসচিব), সদস্য (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), এনটিআরসিএ। আলোচক হিসেবে ড. মোঃ আবদুল মান্নান (যুগ্মসচিব), সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), এনটিআরসিএ ও জনাব মোঃ আব্দুর রহমান (উপসচিব), পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), এবং জনাব কামরুল আহছান, পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এনটিআরসিএ কর্মশালা উপস্থিত ছিলেন। কর্মশালায় উপস্থিত ছিলেন 4th Induction Training Course for Non-Cader Govt. College এর প্রশিক্ষাণার্থী ও এনটিআরসিএ-এর কর্মকর্তা ও কর্মচারীগণ।

সচিব, এনটিআরসিএ অবহিতকরণ কর্মশালার শুরুতে কর্মশালা উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বক্তব্য প্রদান করেন। অত:পর তিনি কর্মশালা পরিচিতি পর্ব পরিচালনা করেন। পরিচিতি পর্ব শেষে তিনি তার শুভেচ্ছা বক্তব্যে সম্মানিত প্রধান অতিথিসহ সকলকে সাদর সম্ভাষন ও শুভেচ্ছা জানিয়ে কর্মশালা আয়োজনের প্রেক্ষাপট তুলে ধরেন। তিনি এনটিআরসিএ-এর সূচনালগ্ন থেকে এ পর্যন্ত সম্পাদিত কার্যক্রম সম্পর্কে কর্মশালায় একটি সংক্ষিপ্ত ও তথ্যভিত্তিক ধারণা উপস্থিত সকলকে অবহিত করেন।



প্রধান অতিথি জনাব মোঃ সাইফুল্লাহিল আজম (অতিরিক্ত সচিব), চেয়ারম্যান, এনটিআরসিএ তার উদ্বোধনী বক্তব্যে কর্মশালা উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে তার বক্তব্য প্রদান করেন। তিনি তার বক্তব্যের শুরুতে শিক্ষার মানোন্নয়নে শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষকের গুরুত্ব এবং ভূমিকা তুলে ধরেন। তিনি এনটিআরসিএ-এর শিক্ষক নিবন্ধন পরীক্ষা ও নিয়োগ সুপারিশ কার্যক্রমের কার্যকর ভূমিকা সম্পর্কে অবহিত করেন।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যোগ্য ও দক্ষ শিক্ষক নিয়োগ দানের মাধ্যমে শিক্ষার সার্বিক মান উন্নয়নের লক্ষ্যে ২০০৫ সালে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫ (২০০৫ সনের ১নং আইন) এর আলোকে এ কর্তৃপক্ষ প্রতিষ্ঠা লাভ করে। বর্ণিত আইন অনুযায়ী এটি একটি সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ। এনটিআরসিএ'র উদ্দেশ্য হলো দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি) সামগ্রিক শিক্ষার মানকে উন্নত করার প্রয়াসে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যোগ্য ও দক্ষ শিক্ষক নিয়োগের লক্ষ্যে দেশব্যাপী প্রতিযোগিতামূলক শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণের মাধ্যমে মেধাভিত্তিক শিক্ষক বাছাই নিশ্চিতকরণ। সারা দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এন্ট্রি লেভেলের শূন্য পদসমূহে শিক্ষক নিয়োগের লক্ষ্যে যোগ্য ও মেধাবী শিক্ষকদের প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে নিবন্ধন ও প্রত্যয়ন প্রদান করে এবং কেবলমাত্র নিবন্ধন ও প্রত্যয়ন প্রাপ্তদের মধ্য হতে মেধারভিত্তিতে নিয়োগের জন্য সুপারিশ প্রদান করে। সম্পূর্ণ অটোমেশন পদ্ধতিতে অনলাইনে প্রার্থীদের আবেদন গ্রহণ করে নিবন্ধন ও প্রত্যয়ন এবং নিয়োগ সুপারিশের কার্যক্রমটি পরিচলনা করা হয়। শিক্ষা মন্ত্রণালয় হতে গত ৩০ ডিসেম্বর, ২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫(অংশ)-১০৮১ সংখ্যক স্মারকে জারিকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগে অনুসরণীয় পদ্ধতি বিষয়ক পরিপত্রের মাধ্যমে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এন্ট্রি লেভেলে (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি) শূন্য পদের বিপরীতে শিক্ষক নিয়োগ প্রদানের সুপারিশকরণের দায়িত্ব বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-কে অর্পণ করা হয়। এনটিআরসিএ সৃষ্টিকাল থেকেই তার উপর অর্পিত দায়িত্ব অত্যন্ত গুরুত্বের সাথে পালন করে আসছে। এনটিআরসিএ ২০০৫ সাল হতে ২০২৩ সাল পর্যন্ত ০১টি বিশেষ শিক্ষক নিবন্ধন পরীক্ষাসহ ১৮টি শিক্ষক নিবন্ধন পরীক্ষা সম্পন্ন করেছে। ২০১৬ সাল থেকে নিবন্ধন ও প্রত্যয়ন প্রাপ্তদের মধ্য হতে মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে এন.টি.আর.সি.এ. সম্পূর্ণ অটোমেশন পদ্ধতিতে সফ্‌টওয়্যারের মাধ্যমে নিয়োগ সুপারিশ কার্যক্রম পরিচালনা করে আসছে। এ পর্যন্ত এন.টি.আর.সি.এ. ০৪ টি গণবিজ্ঞপ্তি এবং বিশেষ নিয়োগবিজ্ঞপ্তির মাধ্যমে মোট ১,১৩,৩৩১ জন প্রার্থীকে শিক্ষক পদে অত্যন্ত স্বচ্ছতার সাথে নিয়োগ সুপারিশ করেছে। গত ৩১ মার্চ, ২০২৪ তারিখে ৩৭.০৫.০০০০.০১১.০১.০০১.২৪-৮৩ সংখ্যক স্মারকের মাধ্যমে ৯৬,৭৩৬ টি এমপিওভুক্ত শূন্য পদ পূরেণের লক্ষ্যে পঞ্চম নিয়োগবিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। গত ১৭ এপ্রিল, ২০২৪ তারিখ হতে ০৯ মে, ২০২৪ তারিখ পর্যন্ত আবেদনপত্র গ্রহণ করা হয়েছে। সর্বমোট ২৩,৯৩২ জন প্রার্থী আবেদন করেছেন। সফ্‌টওয়্যারের মাধ্যমে নিয়োগ সুপারিশ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। শীঘ্রই নিয়োগ সুপারিশ প্রদান করা হবে।



**২য় পর্ব:**
চেয়ারম্যান, এনটিআরসিএ কর্মশালার দ্বিতীয় পর্বে এনটিআরসিএ-এর সংক্ষিপ্ত পরিচিতি, শিক্ষক নিবন্ধর পরীক্ষার ধাপ, প্রবেশ পর্যায়ের নিয়োগ সুপারিশ প্রক্রিয়া ও ধাপসমূহ পাওয়ার পয়েন্টের মাধ্যমে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। কর্মশালার মূল প্রবন্ধ উপস্থাপনের পর সংক্ষিপ্ত আলোচনা হয়।

জনাব কামরুল আহছান, পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এনটিআরসিএ শিক্ষক নিবন্ধন পরীক্ষা এবং নিয়োগ সুপারিশকরণ কার্যক্রম সম্পর্কে স্বচ্ছ ধারণা প্রদানের জন্য মূল প্রবন্ধ উপস্থাপককে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন, ২০০৫ সালে প্রতিষ্ঠিত এ প্রতিষ্ঠানটি ইতোমধ্যে একটি নির্ভরযোগ্য প্রতিষ্ঠান হিসেবে পরিচিতি লাভ করেছে। এ ধারা অব্যাহত রাখতে হলে সামনের দিনগুলোতে শিক্ষক নিবন্ধন পরীক্ষা এবং নিয়োগ সুপারিশ কার্যক্রমে আরও গতিশীলতা আনয়ন করতে হবে এবং সেবা প্রত্যাশীদের সেবার মান উন্নয়নে পদক্ষেপ গ্রহণ করতে হবে। নিয়োগ সুপারিশ কার্যক্রমে যে জটিলতা রয়েছে তা সমাধানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। এ সংক্রান্ত সমস্যা সমাধানের জন্য বিভিন্ন অংশীজনের অংশগ্রহণে আরও সভা ও সেমিনার আয়োজন অব্যাহত রাখতে হবে। কর্মশালা উপস্থিত অংশীজনদের উপস্থিতির জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

আলোচক জনাব মোঃ আবদুর রহমান (উপসচিব), পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), এনটিআরসিএ কর্মশালায় উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি বলেন যে, শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ অনুযায়ী শিক্ষক নিবন্ধন পরীক্ষার চূড়ান্ত ফলাফল প্রকাশের পূর্বে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান হতে শূন্য পদের তথ্য নেয়া হয় এবং নিয়োগ সুপারিশ প্রদানের নিমিত্ত গণবিজ্ঞপ্তি প্রকাশের পূর্ব পরিপত্র অনুযায়ী শূন্য পদের চাহিদা নেয়া হয়। একটি সুষ্ঠু ও নির্ভুল নিয়োগ সুপারিশ কার্যক্রম নির্ভর করে নির্ভুল চাহিদার উপর। সেজন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের জনবল কাঠামো ও এমপিও নীতিমালা সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকতে হবে। অত:পর অষ্টদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২৩ এর বিজ্ঞপ্তির বিষয়টি অবহিত করেন। তিনি বলেন যে, বিগত শিক্ষক নিবন্ধন পরীক্ষায় বিষয়ভিত্তিক প্রশ্নপত্র প্রণয়ন করা হতো। বিগত শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রিলিমিনারিতে সাধারণ শিক্ষা ধারার তুলনায় মাদ্রাসা লেভেলের প্রার্থীগণ অপেক্ষাকৃত কম পাশ করে। মাদ্রাসা লেভেলের প্রার্থীগণ প্রিলিমিনারিতে উত্তীর্ণ না হওয়ার ফলে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে না। যেহেতু প্রিলিমিনারি পরীক্ষার প্রশ্নপত্রে (বাংলা-২৫, ইংরেজি-২৫, গণিত-২৫ ও সাধারণ জ্ঞান-২৫) ০৪টি অংশ উল্লেখ থাকে, যেখানে মাদ্রাসা লেভেলের প্রার্থীগণের কোন বিষয় উল্লেখ থাকে না, যে কারণে মাদ্রাসা লেভেলের প্রার্থীগণ প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ না হওয়ায় পরবর্তী ধাপে এগুতে পারেন না। ফলশ্রুতিতে মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষকের সংকট থাকা সত্ত্বেও প্রিলিমিনারি পরীক্ষায় যেহেতু দেশের সব ধরনের শিক্ষা প্রতিষ্ঠানের সকল বিষয়ের প্রার্থীগণ অংশগ্রহণ করেন সেহেতু ৪ টি বিষয় ব্যতিত অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২৩ এর প্রিলিমিনারি পরীক্ষার প্রশ্নপত্রে মাদ্রাসা শিক্ষা ধারার প্রশ্ন অন্তর্ভুক্ত করে প্রশ্নপত্র প্রস্তুত করার কোনো সুযোগ নেই।

আলোচক ড. মোঃ আবদুল মান্নান (যুগ্মসচিব), সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) বলেন বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫ (২০০৫ সনের ১নং আইন) দ্বারা প্রতিষ্ঠিত। শিক্ষার সার্বিক মান উন্নয়নের জন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যোগ্য ও দক্ষ শিক্ষক নিয়োগদানের লক্ষ্যে এ কর্তৃপক্ষ গঠিত হয়েছে। এনটিআরসিএ'র উদ্দেশ্য হলো দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি) সামগ্রিক শিক্ষার মানকে উন্নত করার প্রয়াসে যোগ্য শিক্ষক নিয়োগ প্রদানের লক্ষে উপযুক্ত শিক্ষক প্রার্থী বাছাই করা। এ লক্ষ্যে এনটিআরসিএ সৃষ্টিকাল থেকেই তার উপর অর্পিত দায়িত্ব অত্যন্ত গুরুত্বের সাথে পালন করে আসছে। বর্তমানে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এন্ট্রি লেভেলে শিক্ষক পদে মেধাসম্পন্ন শিক্ষক নিয়োগদানে সুপারিশ প্রদান কার্যক্রমটিও এনটিআরসিএ সম্পন্ন করে আসছে।

অত:পর শিক্ষক নিবন্ধন পরীক্ষা ও নিয়োগ সুপারিশ কার্যক্রম বিষয়ে কর্মশালা উপস্থিত অংশীজনদের সুপারিশ গ্রহণ করা হয়। সুপারিশসমূহ নিম্নরূপ:

১. কর্মশালায় অংশগ্রহণকারী একজন শিক্ষক বলেন, শিক্ষক নিবন্ধন পরীক্ষা এবং নিয়োগ সুপারিশকরণ কার্যক্রমটি সুষ্ঠুভাবে সম্পন্ন করায় এনটিআরসিএ প্রতিষ্ঠান-কে ধন্যবাদ জ্ঞাপন করেন। শিক্ষক নিবন্ধন পরীক্ষা এবং নিয়োগ সুপারিশ বিষয়ে এনটিআরসিএ কর্তৃক কোনো সম্ভাব্য সূচি প্রকাশ করা হয় না। ফলে সেবা প্রত্যাশীগণ শিক্ষক নিবন্ধন পরীক্ষা এবং নিয়োগ সুপারিশ সম্পর্কে অবগত হতে পারেন না। বাংলাদেশ সরকারী কর্মকমিশন (পিএসসি) বিসিএস পরীক্ষার জন্য একটি ক্যালেন্ডার প্রস্তুতপূর্বক বিসিএস পরীক্ষাসহ নিয়োগ সুপারিশ কার্যক্রম সম্পন্ন করে। সে অনুযায়ী এনটিআরসিএ শিক্ষক নিবন্ধন পরীক্ষা এবং নিয়োগ সুপারিশ কার্যক্রম গ্রহণের পূর্ব একটি ক্যালেন্ডার প্রস্তুত করতে পারে।

বিগত নিয়োগ সুপারিশ কার্যক্রমে যে ত্রুটি পরিলক্ষিত হয়েছে সে সম্পর্কে এনটিআরসিএ কর্তৃক বলা হয়েছে যে, টেলিটক বাংলাদেশ লিমিটেড কর্তৃক পরিচালিত সফট্ওয়্যারের ত্রুটির কারণে নিয়োগ সুপারিশ কার্যক্রমে কিছু জটিলতা সৃষ্টি হয়েছে। এ জটিলতাগুলো কিভাবে সমাধান করা যায় সে বিষয়ে এনটিআরসিএ উদ্যোগ গ্রহণ করতে পারে।

২. জনাব মো: মহসীন, প্রভাষক (বাংলা), শহীদ তাজউদ্দিন আহমেদ সরকারি কলেজ বলেন যে, এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত শিক্ষকগণের বদলি নীতিমালা প্রণয়নের কোনো উদ্যোগ গ্রহণ করা হয়েছে কিনা। উদ্যোগ গ্রহণ করা হলে তা কোন পর্যায়ে রয়েছে। তিনি বলেন বদলি নীতিমালা কার্যকর হলে সুপারিশকৃত প্রার্থীগণ উপকৃত হবেন।

৩. জনাব মো: শাহাদাত হোসেন, প্রভাষক (ইসলামে ইতিহাস ও সংস্কৃতি), শহীদ আব্দুল সালাম কলেজ এনটিআরসিএ কর্তৃপক্ষকে স্বচ্ছ ও দুর্নীতিমুক্ত নিয়োগ সুপারিশকরণের জন্য কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন এর মাধ্যমে এনটিআরসিএ শিক্ষার সার্বিক মানোন্নয়নে কার্যকর ভূমিকা রাখছে।

কর্মশালার প্রধান অতিথি আমন্ত্রিত সকল অংশীজনকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি এনটিআরসিএ-এর কার্যক্রম সম্পর্কে প্রচার ও গণসচেতনা বৃদ্ধির জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

সভাপতি সকল আমন্ত্রিত অতিথি, অংশগ্রহণকারী ও এনটিআরসিএ-এর সকল কর্মকর্তা ও কর্মচারীকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে কর্মশালার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/০৬/২০২৪

১. মো: আবদুর রহমান (উপসচিব)
পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন)
এনটিআরসিএ, ঢাকা।

দীনা পারভীন
২৬/০৬/২০২৪

২. (প্রফেসর দীনা পারভীন)
উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন)
এনটিআরসিএ, ঢাকা।